



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (ডিপ্লোমা শাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
Website : www.bteb.gov.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

স্মারক নং- ৩৭.১৭.০০০০.৩০১.৩১.০০২.১৭.৮৬

তারিখ : ২০-০৭-২০১৭ খ্রিঃ

প্রাপক :

অধ্যক্ষ
চাঁদপুর পলিটেকনিক ইন্সটিটিউট
চাঁদপুর।

বিষয় : অনাভ্যন্তরীণ ব্যবহারিক পরীক্ষক প্রত্যাহার প্রসঙ্গে।

সূত্র : (১) অত্র বোর্ডের স্মারক নং- ৩৭.১৭.০০০০.৩০১.৩১.০০২.১৭.৭৭, তারিখ : ১১-০৭-২০১৭ খ্রিঃ

(২) চাঁদপুর পলিটেকনিক ইন্সটিটিউট এর স্মারক নং- চাঁপই/পপ্রে/২০১৭/৭৬০, তারিখ : ২০-০৭-২১৭ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ১৯ জুলাই ২০১৭ হতে চলমান ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ৪র্থ, ৬ষ্ঠ, ৭ম পর্ব নিয়মিত ও ৫ম পর্ব অকৃতকার্য বিষয়ের এবং ৮ম পর্ব অনিয়মিত (২০১০ প্রবিধান) পরীক্ষা-২০১৭ এর ব্যবহারিক বিষয়ের পরীক্ষা গ্রহণের জন্য চট্টগ্রাম মহিলা পলিটেকনিক ইন্সটিটিউট, চট্টগ্রাম এর ইলেকট্রনিক্স টেকনোলজির স্টেপ প্রকল্পাধীন জুনিয়র ইন্সট্রাক্টর জনাব মোঃ মাহাবুবুল আলম কে অনাভ্যন্তরীণ ব্যবহারিক পরীক্ষক হিসেবে আপনার কেন্দ্রে নিয়োগ প্রদান করা হয়েছিল। চাঁদপুর পলিটেকনিক ইন্সটিটিউট এর সূত্রোক্ত স্মারক মোতাবেক আনিত অসদাচারনের অভিযোগের প্রেক্ষিতে এবং চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে জনাব মোঃ মাহাবুবুল আলম, জুনিয়র ইন্সট্রাক্টর (ইলেকট্রনিক্স, স্টেপ প্রকল্পাধীন), চট্টগ্রাম মহিলা পলিটেকনিক ইন্সটিটিউট কে অনাভ্যন্তরীণ ব্যবহারিক পরীক্ষকের দায়িত্ব হতে অব্যাহতি প্রদান করা হলো। একই সাথে ভবিষ্যতে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের সকল কাজ হতে তাকে বিরত রাখা হবে।

স্বাক্ষরিত/-
(প্রকৌশলী সুশীল কুমার পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
ফোন- ০২-৯১১৩২৮৩

স্মারক নং- ৩৭.১৭.০০০০.৩০১.৩১.০০২.১৭.৮৬(১০)

তারিখ : ২০-০৭-২০১৭ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০।
[দৃষ্টি আকর্ষণ : অতিরিক্ত সচিব (কারিগরি)]
২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা-২০১৭।
৩. প্রকল্প পরিচালক, স্কিলস এন্ড ট্রেনিং এনহেন্সমেন্ট প্রজেক্ট, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা-২০১৭।
৪. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিচালক (আইটিসি)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. অধ্যক্ষ, চট্টগ্রাম মহিলা পলিটেকনিক ইন্সটিটিউট, চট্টগ্রাম।
[জনাব মোঃ মাহাবুবুল আলম, জুনিয়র ইন্সট্রাক্টর (ইলেকট্রনিক্স, স্টেপ প্রকল্পাধীন) কে পরীক্ষা সংক্রান্ত সকল কার্যক্রম থেকে বিরত রাখার অনুরোধসহ।]
৬. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. জনাব মোঃ মাহাবুবুল আলম, জুনিয়র ইন্সট্রাক্টর (ইলেকট্রনিক্স, স্টেপ প্রকল্পাধীন), চট্টগ্রাম মহিলা পলিটেকনিক ইন্সটিটিউট, চট্টগ্রাম।
[অধ্যক্ষ, চাঁদপুর পলিটেকনিক ইন্সটিটিউট, চাঁদপুরের নিকট হতে অদ্যই ছাড়পত্র গ্রহণ পূর্বক নিজ কর্মস্থলে যোগদানের জন্য আপনাকে বলা হলো।]
৯. চেয়ারম্যান মহোদয়ের পার্সোনাল অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. নথি।

(মোহাম্মদ আবুল শাহিন কাওছার সরকার)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)

ফোন : ০২-৯১১৮৭৭৬